গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সোনাগাজী, ফেনী

নম্বর- ৩৮.০১.৩০৯৪.০০০.৩৬.০০১.২২- ৬২

তারিখ : ১৮ জানুয়ারি, ২০২২ খ্রি.

বিষয় : **জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ এর প্রতিযোগিদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : ৩২.০৩.০০০০.৪০১.২৩.০৩৪.২১-২১(২১০০), তারিখ : ০৩.০১.২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ নিম্নবর্ণিত সময় ও ভেন্যু-তে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা অনুষ্ঠানে আপনার প্রতিষ্ঠানের আগ্রহী ছাত্র-ছাত্রীদের নামের তালিকা আগামী ২৩/০১/২০২২ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক ছেলে মেয়ে পৃথকভাবে উপজেলা শিক্ষা অফিসার এর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্র. নং | প্রতিযোগির নাম | পিতার নাম | মাতার নাম | শ্রেণি ও রোল | জন্ম তারিখ ও বয়স | উচ্চতা | প্রতিযোগিতার বিষয় | বিভাগ (ক/খ/গ) | অভিভাবকের মোবাইল নং |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**প্রতিযোগিতার বিষয়সমূহ**

| তারিখ | সময় | স্থান | প্রতিযোগিতার বিষয় |
|---|---|---|---|
| ২৭/০১/২০২২ | সকাল ৯.০০ | সোনাগাজী মোঃ ছাবের সরকারি পাইলট হাই স্কুল | *ক্রীড়া বিষয়ক : (জন্ম তারিখ ০১.০১.২০০৮ থেকে ৩১.১২.২০১৪ এর মধ্যে হতে হবে), উচ্চতা : ৪´-১০´´)*<br>(১) ১০০ মিটার দৌড় (বালক+বালিকা) (২) দীর্ঘ লম্ফ (বালক+বালিকা)<br>(৩) উচ্চ লম্ফ (৪) ব্যাডমিন্টন (৫) ১০০ মিটার মুক্ত সাঁতার (৬) দাবা |
| ২৭/০১/২০২২ | সকাল ৯.০০ | উপজেলা কৃষি অফিস মিলনায়তন | *চিত্রাংকন :*<br>(১) আমার দেখা বাংলাদেশ (ক-বিভাগ, জল রং/প্যাস্টেল রং/পোস্টার রং)<br>(২) বাঙালির উৎসব (খ-বিভাগ, জল রং/প্যাস্টেল রং/পোস্টার রং) (৩) উন্নয়নের বাংলাদেশ (গ-বিভাগ) |
| ২৬/০১/২০২২ | সকাল ৯.০০ | উপজেলা অডিটোরিয়াম | *কুটিরশিল্প/বিজ্ঞানযন্ত্র :*<br>(১) কুটিরশিল্প (বাঁশ-বেতের ব্যবহারের সামগ্রী তৈরি/মাটির কাজ শুধু 'খ ও গ' বিভাগ। (২) বিজ্ঞান যন্ত্রের উদ্ভাবন বা বিজ্ঞান প্রজেক্ট শুধু 'খ ও গ' বিভাগ।<br>*শিক্ষা বিষয়ক :*<br>(১) বঙ্গবন্ধুকে জানো, বাংলাদেশকে জানো বিষয়ক সাধারণ জ্ঞান (ক+খ+গ) (২) উপস্থিত অভিনয় (ক+খ+গ)<br>(৩) আবৃত্তি (ক+খ+গ) (৪) উপস্থিত বক্তৃতা (শুধু 'খ ও গ' বিভাগ)<br>(৫) ক্বেরাত (বাংলা তরজমাসহ) ক+খ+গ-বিভাগ (৬) শিশু সাহিত্য: ধারাবাহিক গল্প বলা (শুধু খ ও গ বিভাগ) |

**প্রতিযোগিতার বিষয় (সাংস্কৃতিক বিষয়ক) :**

| তারিখ | সময় | স্থান | প্রতিযোগিতার বিষয় |
|---|---|---|---|
| ২৬/০১/২০২২ | সকাল ১১:০০ | উপজেলা অডিটোরিয়াম | *সংগীত (ক+খ+গ) :*<br>(১) দেশাত্মবোধক সংগীত (২) রবীন্দ্র সংগীত (৩) নজরুল সংগীত (৪) ছড়াগান (শুধু ক ও খ বিভাগ)<br>(৫) ভাবসঙ্গীত: লালনগীতি/মুর্শিদী/হাসন রাজার গান/রাধারমণ দত্তের গান<br>(৬) লোকসংগীত (যেকোনো অঞ্চলের আঞ্চলিক গান) (৭) হামদ/না'ত (৮) উচ্চাঙ্গ সংগীত (৯) তবলা<br>(১০) দোতারা/সেতার/সরদ/বাঁশি/কী-বোর্ড/বেহালা/গিটার(স্প্যানিস/হাওয়াইন অ্যাকুস্টিক গিটার) (যেকোনো ১টি) |
| ২৬/০১/২০২২ | বিকাল ৩:০০ | ঐ | *নৃত্য (সময় ৫ মিনিট) ক+খ+গ বিভাগ :*<br>(১) মণিপুরী নৃত্য (২) সৃজনশীল নৃত্য (সাধারণ) (৩) লোকনৃত্য (৪) কত্থক নৃত্য (৫) ভরত নাট্যম |

শর্তাবলী :

১. প্রতিযোগিতা ৩টি বিভাগে বিভক্ত : 'ক' বিভাগ- ১ম শ্রেণি হতে ৫ম শ্রেণি, 'খ' বিভাগ- ৬ষ্ঠ শ্রেণি হতে ৮ম শ্রেণি 'গ' বিভাগ ৯ম শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত।
২. প্রতিযোগিতা হবে একক, দলগত নয়। প্রতিটি বিষয়ে প্রত্যেক প্রতিষ্ঠান হতে ১ জনের বেশি নাম প্রস্তাব করা যাবে না।
৩. ১ জন প্রতিযোগির নাম তিনটির বেশি প্রতিযোগিতার বিষয়ে নাম প্রস্তাব করা যাবে না।
৪. চিত্রাংকন, কুটির শিল্প, নৃত্য ও সংগীত প্রতিযোগিতায় যাবতীয় উপকরণ প্রতিযোগিদের সংঙ্গে আনতে হবে।
৫. উভয় বিভাগের প্রতিযোগিকে স্কুলের প্রধান শিক্ষকের নিকট থেকে পাঠরত শ্রেণির সনদপত্র এবং জন্ম সনদ পত্র আনতে হবে। বিলম্বে প্রাপ্ত তালিকা গ্রহণ করা হবে না।
৬. আবৃত্তির জন্য জন্য নির্ধারিত কবিতা মুখস্ত আবৃত্তি করতে হবে। বই দেখে আবৃত্তি গ্রহণ করা হবে না। নির্ধারিত কবিতা : ক-বিভাগ : যদি আমি-শামসুর রাহমান, খ-বিভাগ : সেই মুখ খানি কবিতার বড় ছিল-কামাল চৌধুরী এবং গ-বিভাগ : আমার পরিচয়-সৈয়দ শামসুল হক (কপি সংযুক্ত)

প্রধান শিক্ষক...................................................................উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা/প্রাথমিক বিদ্যালয়।

স্বাক্ষরিত/-
(এ. এম. জহিরুল হায়াত)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২
সোনাগাজী, ফেনী

নম্বর- ৩৮.০১.৩০৯৪.০০০.৩৬.০০১.২২- ৬২/১৮

তারিখ : ১৮ জানুয়ারি, ২০২২ খ্রি.

*অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কর্যার্থে প্রেরিত হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*

১. উপজেলা নির্বাহী অফিসার, সোনাগাজী, ফেনী।
২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
৪. অফিসার ইনচার্জ, সোনাগাজী মডেল থানা, সোনাগাজী, ফেনী।
৫. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
৬. প্রধান শিক্ষক, .................................... উচ্চ বিদ্যালয়, সোনাগাজী, ফেনী।
৭. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
৮. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনাগাজী, ফেনী। [আপনার অধীন বিদ্যালয়সমূহকে অবহিত করার অনুরোধসহ]
১০. সংরক্ষণ নথি।

১৮/০১/২২
(মোঃ ওয়াহিদুর রহমান)
উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
ও সদস্য সচিব
জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২
সোনাগাজী, ফেনী

# জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২ : আবৃত্তির জন্য নির্ধারিত কবিতা

**ক বিভাগ**

## যদি আমি
**শামসুর রাহমান**

মামণিটার চোখ এড়িয়ে
গলির মোড়ের পুল পেরিয়ে
রোদের সাথে বুক মিলিয়ে
পাখনা-ভরা রং বিলিয়ে

এখান থেকে অনেক দূরে
যদি আমি যেতাম উড়ে
প্রজাপতির মতো,
কেমন মজা হ'ত?

পাড়ার সবাই গেল থামালে,
বাবা বইয়ে চোখ নামালে
চুপটি করে ঘোর আঁধারে
যেতাম যদি বন-বাদাড়ে

রাতটা হ'লে বেজায় কালো,
যদি আমি দিতাম আলো
জোনাকপোকার মতো,
কেমন মজা হ'ত?

রাত দুপুরে ঘুম পালালে,
তারার রানি দীপ জ্বালালে,
দরজা খুলে এক নিমেষে
যেতাম ছুটে দেশ-বিদেশে।

যেতাম যদি ঘোড়ায় চ'ড়ে
টগবগিয়ে তেপান্তরে
লাল কমলের মতো,
কেমন মজা হ'ত?

**খ বিভাগ**

## সেই মুখ খানি কবিতার বড় ছিল
**কামাল চৌধুরী**

সেই মুখখানি স্বাধীনতা প্রিয় ছিল
সেই মুখখানি মিছিলে মানব হতো
উত্থিত হাতে শ্লোগানে চলায় মিলে
সেই মুখখানি অগ্নির সাথি ছিল।

আমার কান্না বিষাদের কালো দিনে
সেই মুখখানি একা মহীরুহ ছিল
মারী ও মড়কে মানুষের তাণ্ডবে
সেই মুখখানি পৃথিবীর প্রেম ছিল।

তাঁর চলা ছিল পদ্মার জলস্রোত
হু-হু বেগে এসে ধুয়ে নিত সব গ্লানি
তাঁর বলা ছিল মেঘে বিদ্যুতে ডাক
শ্লোগানে মিছিলে শব্দিত হয়ে থাকা
সেই মুখখানি আমাদের পিতা ছিল।
আমার স্বদেশে রক্তের ঘোলা জলে
তাঁর হাত দুটো উদ্যত রাইফেল
যুদ্ধে বারুদে শহিদের লাশ ছুঁয়ে
শিবিরে শিবিরে সকল রণাঙ্গনে
সেই মুখখানি স্বদেশের ছায়া ছিল।
সেই মুখখানি আঁকতে চেয়েছি কতো।

আঁকতে পারি না, আঁকতে পারি না হায়
এখানে আমার শব্দেরা সব কাঁদে
ব্যর্থতা নিয়ে জেগে থাকে সারারাত।

যুদ্ধে মিছিলে মৃত্যু বারুদে মাখা
সেই মুখখানি কবিতার বড় ছিল।

**গ বিভাগ**

## আমার পরিচয়
**সৈয়দ শামসুল হক**

আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি,
আমি বাংলার আল্‌পথ দিয়ে হাজার বছর চলি।
চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে।
তেরোশত নদী শুধায় আমাকে কোথা থেকে তুমি এলে?

আমি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে।
আমি তো এসেছি সওদাগরের ডিঙার বহর থেকে।
আমি তো এসেছি কৈবর্তের বিদ্রোহী গ্রাম থেকে।
আমি তো এসেছি পালযুগ নামে চিত্রকলার থেকে।

এসেছি বাঙালি পাহাড়পুরের বৌদ্ধবিহার থেকে।
এসেছি বাঙালি জোড়বাংলার মন্দির-বেদি থেকে।
এসেছি বাঙালি বরেন্দ্রভূমে সোনা মসজিদ থেকে।
এসেছি বাঙালি আউল-বাউল মাটির দেউল থেকে।

আমি তো এসেছি সার্বভৌম বারো ভুঁইয়ার থেকে
আমি তো এসেছি কমলার দিঘি মহুয়ার পালা থেকে।
আমি তো এসেছি তিতুমীর আর হাজী শরীয়ত থেকে।
আমি তো এসেছি গীতাঞ্জলি ও অগ্নিবীণার থেকে।

এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্য সেনের থেকে।
এসেছি বাঙালি জয়নুল আর অবন্ ঠাকুর থেকে।
এসেছি বাঙালি রাষ্ট্রভাষার লাল রাজপথ থেকে।
এসেছি বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর থেকে।